

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

www.bb.org.bd

এফই সার্কুলার নং ২২

ডিসেম্বর ১৭, ২০২৩
তারিখ : -----
পৌষ ০২, ১৪৩০

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার।

প্রিয় মহোদয়গণ,

পান রপ্তানিতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তার আবেদনপত্রের সাথে
বাংলাদেশ পান রপ্তানিকারক সমিতি'র সনদপত্র দাখিল প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে এফই সার্কুলার নং ১৫, তারিখ অক্টোবর ০৬, ২০০৫-এর অনুচ্ছেদ ৪(ক) এবং সার্কুলার পত্র নং এফইপিডি(রপ্তানি-১)২৯১(কৃষিপণ্য)/২০০৭-২০৮, তারিখ মার্চ ১৮, ২০০৭-এর ০২ নং অনুচ্ছেদের প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। সরকারি সিদ্ধান্তক্রমে জানানো যাচ্ছে যে, কৃষিপণ্য হিসেবে পান রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তার আবেদনপত্রের সাথে বাংলাদেশ পান রপ্তানিকারক সমিতি কর্তৃক ইস্যুকৃত সনদপত্র (এতদসংযুক্ত ফরম 'ক' অনুসারে) দাখিল করতে হবে। বাংলাদেশ পান রপ্তানিকারক সমিতি শুধুমাত্র স্বীয় সদস্যদের অনুকূলে সনদপত্র ইস্যু করতে পারবে।

০৩। সার্কুলার জারির তারিখ থেকে জাহাজীকৃত পণ্যের ক্ষেত্রে বর্ণিত নির্দেশনা কার্যকর হবে।

আলোচ্য খাতে রপ্তানি প্রণোদনা/নগদ সহায়তা প্রদান সংক্রান্ত সকল এফই সার্কুলার/সার্কুলার পত্রের অপরাপর নির্দেশনা যথারীতি অপরিবর্তিত থাকবে। বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ সরোয়ার হোসেন)

পরিচালক (এফইপিডি)

ফোন : ৯৫৩০১২৩

বাংলাদেশ পান রপ্তানিকারক সমিতি প্রদেয় প্রত্যয়ন সনদপত্র

পান রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনা প্রাপ্তির প্রত্যয়ন সনদপত্র

- ১। আবেদনকারীর নাম, ইআরসি নম্বর ও ঠিকানা :
- ২। রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্র নম্বর : তারিখ : মূল্য :
- ৩। বিদেশি ক্রেতার নাম ও ঠিকানা :
- ৪। বিদেশি ক্রেতার ব্যাংকের নাম ও ঠিকানা :
- ৫। (ক) ইনভয়েস নম্বর : তারিখ :
(খ) ইনভয়েসে উল্লিখিত পণ্যের পরিমাণ : মূল্য :
- ৬। রপ্তানিকৃত পান/অন্যান্য উপকরণের সংগ্রহসূত্র (সরবরাহকারীর নাম ও ঠিকানা) :
পরিমাণ : মূল্য :
- ৭। রপ্তানি পণ্যের বিবরণ : পরিমাণ : মূল্য :
- ৮। জাহাজীকরণের তারিখ : গন্তব্য বন্দর :
- ৯। ইএক্সপি নম্বর : মূল্য : তারিখ :
- ১০। মোট প্রত্যাভাসিত রপ্তানিমূল্য (বৈদেশিক মুদ্রায়) : নীট এফওবি রপ্তানিমূল্য (বৈদেশিক মুদ্রায়) :
- ১১। প্রত্যাভাসিত রপ্তানিমূল্যের সনদপত্র নম্বর : তারিখ :

রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ

এতদ্বারা প্রত্যয়ন করা যাচ্ছে যে, উপরোল্লিখিত রপ্তানিকৃত পণ্য স্থানীয়ভাবে আমাদের নিজস্ব উৎপাদিত/স্থানীয় সরবরাহকারী দ্বারা স্থানীয়ভাবে উৎপাদিত। রপ্তানির বিপরীতে রপ্তানি প্রণোদনার জন্য উপরোল্লিখিত অনুচ্ছেদগুলোতে উল্লিখিত বক্তব্য সঠিক ও নির্ভুল। বিদেশি ক্রেতা/আমদানিকারকের ক্রয়াদেশের যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত করা হলো।

রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ

রপ্তানিকারকের উপরোল্লিখিত ঘোষণার যথার্থতা যাচাইয়াস্তে সঠিক পাওয়া গিয়েছে। ৭ নং ক্রমিকে উল্লিখিত ঘোষিত রপ্তানিমূল্য যৌক্তিক ও বিদ্যমান আন্তর্জাতিক বাজার মূল্যের সঙ্গে সঙ্গতিপূর্ণ পাওয়া গিয়েছে এবং বিদেশি ক্রেতার যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত করা হলো। প্রত্যাভাসিত রপ্তানি মূল্যের (নীট এফওবি মূল্য) ওপর রপ্তানি প্রণোদনা পরিশোধের সুপারিশ করা হলো।

বাংলাদেশ পান রপ্তানিকারক সমিতি-এর দুইজন উপযুক্ত কর্মকর্তার স্বাক্ষর, তারিখ ও সীল

[কোনো প্রকার ঘষামাজা, কাঁটাছেড়া বা সংশোধন করা হলে এ প্রত্যয়নপত্র বাতিল বলে গণ্য হবে।]